

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটির ডিসেম্বর/ ২০২২খ্রি. মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ মোছাঃ উম্মে কুলছুম বানু

ভাইস-চেয়ারম্যান (মহিলা)

উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, বিরামপুর, দিনাজপুর।

তারিখঃ ২৬.১২.২০২২খ্রি.

সময়ঃ ১১.১৫ ঘটিকায়।

আলোচ্য বিষয় সমূহঃ

১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন

২। উপজেলার বর্তমান মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত পর্যালোচনা

৩। বিবিধ


সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষর পরিশিষ্ট “ক” তে দেখানো হলোঃ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয় এবং গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানোর জন্য সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিরামপুর দিনাজপুরকে অনুরোধ জানান। ইহাতে কোন সংশোধনী না থাকায় দৃঢ়করণ করা হয়।

এ পর্বে বর্তমান মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত পরিস্থিতি নিয়ে আলোচনা করা হয়। আলোচনা, সিদ্ধান্ত এবং বাস্তবায়ন সম্পর্কিত বিষয় সমূহ নিয়ে উল্লেখ করা হলোঃ

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১. ভি ডব্লিউ বি সংক্রান্ত:	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে দুঃস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচির নাম পরিবর্তন পূর্বক “ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম” নামকরণ করা হয়েছে। এখন থেকে সকল ক্ষেত্রে ‘ভিজিডি’ নামের পরিবর্তে ভিডব্লিউবি লিখিত ও পঠিত হচ্ছে। বিরামপুর উপজেলায় ২০২১-২০২২ চক্রের ভিডব্লিউবি কর্মসূচির চাল বিতরণ ৭টি ইউনিয়নের ডিসেম্বর/২০২২খ্রি. মাসের চাল সুষ্ঠুভাবে বিতরণ হয়েছে। ডিসেম্বর/২২ মাসে ২০২১-২০২২ চক্র শেষ হবে। উক্ত চক্রের উপকারভোগীদের সঞ্চয়ের টাকা ফেরত দেওয়ার কার্যক্রম চলমান রয়েছে। জানুয়ারি-২০২৩ মাসে সঞ্চয়ের টাকা ফেরত দেওয়া হবে। ২০২৩-২০২৪ চক্রের ভিডব্লিউবি কর্মসূচির ৭টি ইউনিয়নের উপকারভোগী নির্বাচন কার্যক্রম চলমান রয়েছে।	বিস্তারিত আলোচনা শেষে উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জানান, সকল ক্ষেত্রে ‘ভিজিডি’ নামের পরিবর্তে ভিডব্লিউবি যেন বহুলভাবে প্রচারিত হয় এবং সেই সাথে ২০২১-২০২২ চক্রের ভিডব্লিউবি (ভিজিডি) উপকারভোগীদের মাঝে সঠিকভাবে যেন সঞ্চয়ের টাকা ফেরত দেওয়া হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর।
২. আইজিএ প্রশিক্ষণ সংক্রান্ত	“উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত)” প্রকল্পের “ফ্যাশন ডিজাইন” এবং “হস্তশিল্প+শতরঞ্জি” ট্রেডের ১ম ব্যাচ হতে ১৭তম ব্যাচ পর্যন্ত প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ১৮তম ব্যাচে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।	বিস্তারিত আলোচনা শেষে উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জানান মহিলাদের প্রশিক্ষণ যেন সুষ্ঠুভাবে সম্পন্ন হয় এবং প্রশিক্ষণ গ্রহণ শেষে প্রশিক্ষণার্থীরা যেন আয়বর্ধক কর্মসূচিতে নিজেদের সম্পৃক্ত করতে পারে সে আশাবাদ ব্যক্ত করেন এবং সেই সাথে ১৮তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম যেন সুষ্ঠুভাবে হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর।
মা ও শিশু সহায়তা কর্মসূচি ল্যাকটেটিং ভাতা সংক্রান্ত :	২০২২-২০২৩ অর্থ বছরের মা ও শিশু সহায়তা কর্মসূচি, ল্যাকটেটিং ভাতা সংক্রান্ত :মাতৃকালীন ও ল্যাকটেটিং ভাতার উপকারভোগী নির্বাচন সংক্রান্ত কোন নির্দেশনা প্রধান কার্যালয় থেকে পাওয়া যায়নি। নির্দেশনা পাওয়া গেলে পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে।	উপকারভোগী নির্বাচন সংক্রান্ত কোন নির্দেশনা পরবর্তীতে পেলে যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোছাঃ উম্মে কুলছুম বানু)

সভাপতি

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত স্থায়ী
কমিটি

ও

ভাইস-চেয়ারম্যান (মহিলা)

উপজেলা পরিষদ

বিরামপুর, দিনাজপুর।